আলমডাঙ্গায় নওদা-বন্ডবিলে মৌমাছির কামড়ে কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় মৌমাছির কামড়ে মজিবর বিশ্বাস (৫২) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। আজ শুক্রবার বিকেল ৫ টার দিকে ধান ক্ষেতে পানি দিতে গিয়ে এ ঘটনা ঘটে। নিহত মজিবর বিশ্বাস আলমডাঙ্গা পৌর এলাকার নওদা-বন্ডবিল গ্রামের মৃত সাদেক বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানান, আজ শুক্রবার বিকেলে কৃষক মজিবর নিজ খেতে পানি দিতে যান। বন্ডবিল রেলগেট নামক স্থানে পৌঁছালে বাঁজপাখির আক্রমণে গাছ থেকে মৌমাছির বাসা ভেঙে তার শরীরের উপর পড়ে। মৌমাছির কামড়ে তিনি গুরুত্বর আহত হন। তার চিৎকারে স্থানীয়রা উদ্ধার করে একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করেন। তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

এবিষয়ে পৌরসভার ৮ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হোসেন বাবু জানান, মজিবর রহমান মাঠে যাচ্ছিলেন তার ধান ক্ষেত দেখতে। সাইকেল নিয়ে একটি গাছের নিচে তিনিসহ আরো কয়েকজন দাঁড়িয়ে কথা বলছিলেন। এসময় একটি বাজ পাখি মৌমাছির চাকে আক্রমণ করলে তা ভেঙ্গে মজিবর রহমানের গায়ের উপর পড়ে। বেশ কিছু মৌমাছি তাকে কামড়ে আহত করে। তাকে উদ্ধার করে স্থানীয় একটি বেসরকারি ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ হস্তান্তর করা হয়েছে। এ ব্যাপারে একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে মৌমাছির কামড়ে একজনের

মৃত্যু, আহত- ৪

মেহেরপুরের গাংনীর সাহারবাটি মাঠে শুক্রবার বেলা ১১টার দিকে মৌমাছির কামড়ে হায়দার আলী (৫৩) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। একই সাথে আহত হয়েছেন আরো ৪ জন। আহতদেরকে মেহেরপুর সদর হাসপাতাল ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। মৃত হায়দার আলী সাহারবাটি গ্রামের তাহাজ উদ্দীনের ছেলে।

আহতরা হচ্ছেন- একই গ্রামের আছেদ আলীর ছেলে ফজলু(৪০), হায়দার আলীর ছেলে মাসুম(১৮), আনন্দ মণ্ডলের ছেলে হায়াত আলী(৬০) ও পঞ্জত আলীর ছেলে মোহাম্মদ আলী(৫৫)।

স্থানীয় ইউপি সদস্য আব্বাস আলী জানান, সাহারবাটি মাঠের একটি গাছে মৌমাছি বাসা বেঁধেছিল। হঠাৎ একটি বাজপাখি তাতে হানা দিলে মৌমাছিরা এদিক ওদিক ছুটতে থাকে। এসময় মাঠে কর্মরত লোকজনের উপর আক্রমন শুরু করে। মৌমাছির হুলে আহত হন হায়দার আলী, ফজলু, মাসুম, হায়াত আলী ও মোহাম্মদ আলী। ঘটনাস্থলেই মারা যান হায়দার আলী। অন্যান্যদেরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করা হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক আবীর হাসান জানান, মৌমাছির হুলে আহত তিনজন আশংকামুক্ত। মোহাম্মদ আলী নামের একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়েছে।